



# আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্যবিবরণী

নম্বর: ০৬৭

অন্তর্বর্তী সরকার প্রতিবন্ধকতা কাটিয়ে বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরি করছে  
... বিডা'র নির্বাহী চেয়ারম্যান

সিলেট, শনিবার, ০৪ পৌষ (২১ ডিসেম্বর):

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান (সিনিয়র সচিব) চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন বলেছেন, বিডা'র সেবা প্রদানের মানসিকতা আছে শুধু বাস্তবায়নের ক্ষেত্রে কিছু প্রতিবন্ধকতা রয়েছে। অন্তর্বর্তী সরকার পূর্বের প্রতিবন্ধকতা দূর করে বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরি করছে। সরকার ভোগান্তি কমিয়ে নতুন কিছু করতে চায়। আজ শনিবার ২১ ডিসেম্বর সিলেটে বিডা'র আয়োজনে বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে বিভাগীয় বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক ও রাজস্ব) দেবজিৎ সিংহের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথির বক্তৃতা করেন বিডা'র নির্বাহী সদস্য (অতিরিক্ত সচিব) ড. খন্দকার আজিজুল ইসলাম, জেলা প্রশাসক মোহাম্মদ শের মাহবুব মুরাদ।

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস তরুণ বিনিয়োগকারীদের জন্য সুনির্দিষ্ট নীতিমালা নিয়ে কাজ করছেন উল্লেখ করে বিডা'র নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন বলেন, স্টাটআপ, এসএমইসহ বিভিন্ন খাতে শুধু যুব উদ্যোক্তাদের সহায়তা করতে বিডা আলাদা একটা সেল করতে যাচ্ছে। দুর্নীতি নিয়ে বিনিয়োগকারীদের উদ্দেশ্যে নির্বাহী চেয়ারম্যান বলেন, জটিলতা নিরসনে এখন পর্যন্ত পর্যাপ্ত বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরি করতে কোন উদ্যোগ নেওয়া হয়নি। যে ধরনের সমস্যার সম্মুখীন হয়েছেন সে বিষয়ে বিভিন্ন ফোরামে আওয়াজ উঠাতে হবে। তাহলে অভিযোগের প্রেক্ষাপটে সুনির্দিষ্ট সে সব বিষয়ের সমাধান দেওয়া হবে।

বিডা'র মাধ্যমে সেবা নেওয়ার আহ্বান জানিয়ে নির্বাহী চেয়ারম্যান আরো বলেন, অন স্টপ সার্ভিস (ওএসএস) এর মাধ্যমে সেবা নিলে বিনিয়োগকারী কোথায় কীভাবে ভোগান্তির সম্মুখীন হচ্ছেন, সেগুলো দ্রুত চিহ্নিত করে সহজে সমাধানের উদ্যোগ নেওয়া যায়। বিনিয়োগকারীদের কী কী নতুন নতুন সেবা প্রয়োজন এবং বাংলাদেশের বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরি করার জন্য সুনির্দিষ্ট কোন সুপারিশ বা পরিকল্পনা থাকলে তা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষকে জানানোর আহ্বান করেন তিনি। বিশ্বে বাংলাদেশের বিনিয়োগ বান্ধব ইতিবাচক ভাবমূর্তি তৈরি করতে প্রধান উপদেষ্টার কার্যালয় এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কার্যক্রম হাতে নিয়েছে বলে মন্তব্য করেন চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন।

#

মাসুদ/ডলি/২০২৪/১৪:৪৮ ঘণ্টা

৩৫০/৬, খোজারখলা স্কয়ার, দক্ষিণ সুরমা, সিলেট

সংবাদকক্ষ : ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com